



স্মারক নং-ইআবি/পনি/কা/২০১৯/১৫১৯

তারিখ:-১৫/০১/২০২০

পরীক্ষক নিয়োগ সংক্রান্ত বিজ্ঞপ্তি

এতদ্বারা ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ের অধিভুক্ত সকল কামিল মাদরাসার সংশ্লিষ্টদের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, নিম্নোক্ত পরীক্ষা সমূহের উত্তরপত্র মূল্যায়নের জন্য দক্ষ ও অভিজ্ঞ পরীক্ষক নিয়োগ করা হবে।

ক্রম	পরীক্ষার নাম	বিভাগ	পরীক্ষকের ধরণ
১	কামিল স্নাতকোত্তর ১ম ও ২য় পর্ব পরীক্ষা-২০১৯	(১) হাদীস (২) তাফসীর (৩) ফিকহ (৪) আদব	১ম ও ২য় পরীক্ষক

সংশ্লিষ্ট বিষয়ে পাঠদানে অভিজ্ঞ অগ্রহী শিক্ষকদের আগামী ১৯/০১/২০২০খ্রি. থেকে ১৭/০২/২০২০খ্রি. তারিখের মধ্যে বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে (www.iau.edu.bd) পরীক্ষক মেন্যুতে ক্লিক করে নির্দিষ্ট শ্রেণী নির্বাচন করে প্রদত্ত অনলাইন ফরম পূরণ করতঃ স্ব-স্ব আবেদন সাবমিট করার জন্য অনুরোধ করা হলো।


পরীক্ষক হওয়ার নিয়মাবলীঃ

- বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে (www.iau.edu.bd) এ প্রবেশ করে পরীক্ষক মেন্যুতে যাবেন।
- সেবা সমূহ থেকে পরীক্ষক মেন্যুতে ক্লিক করে পরীক্ষক Page যাবেন।
- তারপর পরীক্ষা কেন্দ্রের EIIN ও Pasword দিয়ে Login করবেন।
- কামিল (স্নাতকোত্তর) পরীক্ষক ফর্মে তথ্য পূরণ করে Save বাটনে ক্লিক করে Save করুন।
- Save হওয়ার পর Reference Number সংরক্ষণ করুন।
- পরীক্ষকের ডান পাশের Print বাটন Click করে Print করুন।

আবেদনকারীদের শর্তাবলী

- ইসলামি আরবি বিশ্ববিদ্যালয় আওতাধীন কামিল মাদরাসার অভিজ্ঞ শিক্ষকগণই শুধুমাত্র পরীক্ষক হবার আবেদন করতে পারবেন।
- একজন পরীক্ষক কামিল (স্নাতকোত্তর) ১ম ও ২য় পর্ব পরীক্ষায় যে কোন ১ টি বিষয় কোডে ১ম অথবা ২য় পরীক্ষক হিসেবে আবেদন করবেন।
- তাফসির, হাদিস, ফিকহ, আদব বিভাগের পাঠদানকারী নির্দিষ্ট শিক্ষকরা স্ব-স্ব বিভাগে আবেদন করবেন।
- পদবী, চাকুরীর বয়স ও যোগ্যতা অনুযায়ী ১ম ও ২য় পরীক্ষক হিসেবে আবেদন করার জন্য বিনীত অনুরোধ রইল।
- মাদরাসা কর্তৃক সাময়িক অব্যাহতিকৃত শিক্ষকগণ আবেদন করতে পারবেন না।
- অবসরগ্রহণ ও কামিল মাদরাসা থেকে ফাজিল মাদরাসায় কর্মরত শিক্ষকগণ আবেদন করতে পারবেন না।
- অগ্রনী ব্যাংক বাংলাদেশ লিমিটেড-এ যাদের হিসাব আছে শুধুমাত্র তারা ই আবেদন করবেন। হিসাব নম্বর ছাড়া কোন পরীক্ষক নিয়োগ দেওয়া হবে না। অগ্রনী ব্যাংকে একাউন্ট খুলে আবেদন করতে পারবেন।
- ইসলামি আরবি বিশ্ববিদ্যালয় কর্তৃক অব্যাহতি প্রাপ্ত শিক্ষকবৃন্দদের আবেদন গ্রহণ যোগ্য নয়।
- ইতোপূর্বে কামিল ১ম ও ২য় পর্ব বিগত পরীক্ষাগুলোতে যারা পরীক্ষক হয়েছেন তাদের নতুন করে আবেদন করতে হবে। আবেদন না করলে পরীক্ষক হবার সুযোগ পাবেন না।
- কোন পরীক্ষক ভুল তথ্য প্রদান করলে সংশ্লিষ্ট মাদরাসার অধ্যক্ষ সম্পূর্ণ দায় বহন করবেন।
- স্ব-স্ব মাদরাসা অধ্যক্ষের মাধ্যমে (www.iau.edu.bd) এ প্রবেশ করে পরীক্ষক মেন্যুতে গিয়ে আবেদন করতে হবে।
- Online এ আবেদন ফরম পূর্ণকৃত পরীক্ষক এর প্রাপ্ত তালিকার কপি (অধ্যক্ষ কর্তৃক সীল ও স্বাক্ষরিত) পরীক্ষা নিয়ন্ত্রক দপ্তরের কামিল শাখা, পরীক্ষা ভবন ০২ (৪র্থ তলা), ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, বহিলা, মোহাম্মদপুর, ঢাকা-১২০১ প্রেরণ করতে হবে।
- New Microsoft Office Excel Worksheet.xlsx পরীক্ষকের তথ্য সঠিকভাবে পূর্ণ করে কামিল শাখার ই-মেইল iau.dhaka.kamil@gmail.com প্রেরণ করতে হবে।
- যে কোন তথ্যের জন্য কামিল শাখার মোবাইল নম্বর ০১৭১৩-৫৫৬১৭৭।

বিঃদ্রঃ একাধিক বিষয়ে আবেদন গ্রহণযোগ্য নয়। আবেদন ফরমে ভুল তথ্য প্রদান করলে আবেদন বাতিল বলে গণ্য হবে।


প্রফেসর সিরাজ উদ্দিন আহম্মদ

পরীক্ষা নিয়ন্ত্রক
ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা।